গাংনীর বাওট বাধাগ্রস্থ শিশু বিদ্যালয়ে প্রতিবন্ধী দিবস উপলক্ষ্যে র্যালী ও আলোচনা সভা

মেহেরপুরের গাংনী উপজেলার বাওট বাধা গ্রস্থ শিশু বিদ্যালয়ে জাতীয় প্রতিবন্ধী দিবস উপলক্ষ্যে র্যালী ও আলোচনাসভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকাল সাড়ে ১১ টার দিকে বাওট বাধাগ্রস্থ শিশু বিদ্যালয়ের আয়োজনে বিদ্যালয় চত্বর থেকে একটি র্যালী বের হয়ে বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে গিয়ে শেষ হয়।

র্যালী শেষে বিদ্যালয় চত্বরে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।
আলোচনা সভায় উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান প্রধান অতিথী হিসেবে বক্তব্য রাখেন। বিদ্যালয়ের প্রধান শিক্ষক শামসুন্নাহারের সভােপিত্ব বক্তব্য রাখেন উপজেলা সমাজ সেবা অফিসার তৌফিকুর রহমান, সিআরসি সংস্থার পরিচালক এনামুল হক সহ অন্যান্যরা।

প্রতিবন্ধী ও বিভিন্ন শ্রেণিপেশার মানুষ আলোচনা সভায় অংশ গ্রহন করে।

- গাংনী প্রতিনিধি

গাংনীর সাহারবাটিতে সরকারি জমি দখল করে ঘর নির্মানের অভিযোগ

মেহেরপুরের গাংনী উপজেলার সাহারবাটি গ্রামে জেলা পরিষদ ও সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জমি জোর দখল করে পাকা ঘর নির্মানের অভিযোগ পাওয়া গেছে। জনকল্যাণে ঘরটি নির্মাণ করা হচ্ছে বলে দখলকারিরা জানালেও বিদ্যালয়ের বা জেলা পরিষদের জমি কারো দখল করার সুযোগ

নেই বলে জানিয়েছেন স্ব-স্ব কর্তৃপক্ষ।

জানাগেছে, গাংনী উপজেলার সাহারবাটি সরকারি প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন চারচারা বাজাস্থ সরকারি একটি জমি জোর দখল করে একটি পাকা ঘর নির্মাণ করছেন স্থানীয় যুবক টুটুল ও তার সঙ্গীরা।
এমন অভিযোগে গাংনী উপজেলা নির্বাহী অফিসার বরাবর একটি লিখিত রেজুলেশন দিয়েছেন বিদ্যালয় পরিচালনা কমিটি। বিদ্যালয়ের জমিতে কোন প্রকার অবৈধ স্থাপনা না করার দাবীও জানান তারা। এদিকে জেলা পরিষদের পক্ষ থেকে দাবী করেছেন উক্ত জমি জেলা পরিষদের।

জেলা পরিষদের জমিতে কোন প্রকার অনুমোদন ছাড়ায় ঘর নির্মাণ করছেন তারা এমন অভিযোগ স্থানীয়দের। জেলা পরিষদ বা বিদ্যালয়ের জমি সে যেটাই হোক স্থানীয় জনগনের সহযোগীতায় আইনশৃঙ্খলার অবনতি ঠিক রাখতে এ ঘর নির্মান কাজ বন্ধ করে দিয়েছেন প্রশাসন।

এব্যপারে ঘর নির্মাণে নেতৃত্বদানকারী স্থানীয় যুবক টুটুল জানায়, আমরা জনগনের সেবা করি। জনসার্থে ঘরটি নির্মাণ করা হচ্ছে। তবে জেলা পরিষদের কাছ থেকে অনুমোদন নেয়া হয়নি। এ জমি অনেকেই দখল করে দোকান ঘর নির্মাণ করে ব্যাবসা বানিজ্য করছেন । তাদেরকে কেউ বাধা দেয়নি। কিন্তু স্থানীয় কতিপয় ব্যাক্তি ব্যাক্তিগত আক্রোশে আমরা যে ঘরটি নির্মাণের উদ্যোগ নিয়েছি তাতে বাধা প্রদান করেছেন। এটি পুরোটাই শত্রুতা।

সাহারবাটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মকলেসুর রহমান জানান, আমি লিখিত ভাবে উপজেলা প্রাথামিক শিক্ষা অফিসার কে জানিয়েছি। সেখান থেকে একটি তদন্ত করা হয়েছে। এর বেশি কিছু আমি বলতে পারবোনা।

বিদ্যালয় পরিচালনা কমিটির সহ-সভাপতি রবিউল ইসলাম বলেন, জেলা পরিষদের জমি ৬ ফিট। বাকি জমি বিদ্যালয়ের। তবে বিদ্যালয়ের জমিতে কেউ ঘর করতে পারবে কি পারবেনা সেটা শিক্ষা অফিস দেখভাল করবেন। তবে রাস্তা প্রসস্ত করা হলে অনেক জমি প্রয়োজন, সে ক্ষেত্রে ঘর নির্মাণ করা হলে রাস্তা প্রসস্তকরণ কাজ চরম ভাবে বিগ্নীত হবে।

অভিযোগ তদন্তকারি কর্মকর্তা মোঃ সামসুজ্জোহা বলেন, জমিটি বিদ্যালয়ের বেশ কিছু অংশ দখল করা হয়েছে। এর আগ্েও তাদের একটি ঘর ছিল সেখানে বিদ্যালয়ের বিদ্যুৎ ব্যাবহার করে সরকারি অর্থ নষ্ট করেছে।

মেহেরপুর জেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান তৌহিদ মুর্শেদ অতুল জানান, টুটুলের নেতৃত্বে ঘর নির্মাণ করছেন এমন অভিযোগ আমি শুনেছি। উক্ত জমি জেলা পরিষদ ও সরকারি প্রাথমিক বিদ্যালয়ের যৌথ জমি। জেলা পরিষদ কিংবা বিদ্যালয় কর্তৃপক্ষের অনুমোদন ছাড়াই ঘর নির্মাণ করা হচ্ছিল, আমি বিষয়টি জানতে পেরে কাজ বন্ধ করে দিয়েছি । তিনি আরো বলেন টুটুল জেলা পরিষদে একটি আবেদন করেছেন কিন্তু আবেদনটি জেলা পরিষদ এখনো মঞ্ছুর করেনি।

উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত) এহসানুল হাবীব জানান, আমরা একটি অভিযোগ পেয়েছি। অভিযোগের বিত্তিতে বিদ্যালয়ের জমিতে ঘর নির্মাণ কাজ বন্ধ করে দেয়া হয়েছে। বিদ্যালয়ের জমি দখল করে ঘর নির্মাণে শুধু বাধায় নয় যাতে কেউ উক্ত জমি দখল করতে না পারে সে ব্যাপারে আইনগত ব্যাবস্থা নেয়া হবে সে লক্ষ্যে তদন্ত করা হয়েছে।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান জানান, সাহারবাটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কিছু জমি দখল করে ঘর নির্মানের কথা শুনেছি, তবে সরকারি জমিতে কেউ অবৈধ ভাবে ঘর কিংবা ব্যাক্তিগত প্রতিষ্ঠান নির্মাণ করতে পারবেনা। যারা করবে তাদের বিরুদ্ধে আইনগত ব্যাবস্থা নেয়া হবে।

জেলা পরিষদের চেয়ারম্যান আলহাজ¦ গোলাম রসুল বলেন, জেলা পরিষদের জমি জোরদখল করে ঘর নির্মানের কোন সুযোগ নেই। বিষয়টি আমি জেনেছি। ঘুব শিঘ্রই সার্ভিয়ার পাঠানো হবে এবং আমি নিজে ঘটনাস্থলে গিয়ে পরিদর্শন করে ব্যাবস্থা নেব।

- আল আমীন হোসেন, গাংনী

গাংনীতে ৮ কেজি গাঁজাসহ দু’মাদক ব্যবসায়ী গ্রেফতার

মেহেরপুরের গাংনী উপজেলার সাহেবনগর গ্রাম থেকে ৮ কেজি গাঁজাসহ ২জন মাদক কারবারিকে গ্রেফতার করেছে গাংনী থানাপুলিশ।

বৃহস্পতিবার সকাল সাড়ে ৮টার দিকে সাহেবনগর গ্রাম থেকে তাদের গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃতরা হলো,শরিয়তপুরের পালং উপজেলার বিনোদপুর গ্রামের আনোয়ার হোসেনের ছেলে ফকরুল ইসলাম (২৫) ও মাদারিপুর সদর উপজেলার আমিরাবাদ গ্রামের মৃত মোদাচ্ছের হোসেন এর ছেলে শাহিন হোসেন(৩৮)।

গাংনী থানা সুত্রে প্রকাশ, গোপন সংবাদের ভিত্তিতে জানা যায় মাদক পাচারের উদ্দেশ্যে কয়েকজন মাদক ব্যবসায়ীরা উপজেলার সাহেবনগর গ্রামে অপেক্ষা করছে। এমন সময় গাংনী থানা পুলিশের একটি দল তাদের কাছে থাকা ট্রাভেল ব্যাগ তল্লাশী করে ৮ কেজি গাঁজা উদ্ধার করে।

ওসি ওবাইদুর রহমান জানান, গ্রেফতারকৃতদের মাদক মামলায় মেহেরপুর কোর্টে প্রেরণ করা হবে।

- গাংনী প্রতিনিধি

মেহেরপুরে সরকারি অফিসের সামনে থেকে সার্কিটযুক্ত বোমা সাদৃশ বস্তু ও চিরকুট উদ্ধার

মেহেরপুর শহরের জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের পাশে থেকে সার্কিটযুক্ত একটি বোমাসাদৃশ বস্তু উদ্ধার করেছে পুলিশ। বস্তুটি উদ্ধারের পর থেকে ওই স্থানটিকে ঘিরে রেখেছে পুলিশ।

বৃহস্পতিবার দুপুরে একটি বাজার করা ব্যাগে লাল স্কচটেপ দিয়ে মোড়ানো বস্তুটি উদ্ধার করে পুলিশ। এসময় বোমার পাশে থেকে একটি চিরকুট উদ্ধার করা হয়েছে। আনছারুল ইসলাম নামের একটি সংগঠনের থেকে হাতে লেখা চিরকুট রাখা হয়েছে।

মেহেরপুরের পুলিশ সুপার এস এম মুরাদ আলী জানান, আতঙ্ক সৃষ্টির লক্ষ্যে কেউ ব্যাগটি রেখে যেতে পারে। ধারণা করা হচ্ছে, এটি বড়

ধরনের কিছু নয়। তারপরও র্যাবের বোমা বিশেষজ্ঞ দলকে খবর দেয়া হয়েছে। তারা এলে বোঝা যাবে বস্তুটি আসল কি না।

চিরকুটের বিষয়ে তিনি বলেন, এটি হাতে লেখা একটি চিঠি। বিষয়টি পর্যবেক্ষণ করা হচ্ছে।

- নিজস্ব প্রতিনিধি

মুজিবনগরে জাতীয় প্রতিবন্ধী দিবস পালিত

মুজিবনগরে র্যালি ও আলোচনা সভার মধ্য দিয়ে ২৮ তম আন্তর্জাতিক ও ২১ তম জাতীয় প্রতিবন্ধী দিবস পালিত হয়েছে।

বৃহস্পতিবার সকাল দশটার সময় উপজেলা প্রশাসন ও উপজেলা সমাজসেবা অধিদপ্তরের আয়োজনে এ উপলক্ষে উপজেলা পরিষদ চত্বর থেকে একটি র্যালী বের করা হয়।

উপজেলা সমাজসেবা অফিসার আব্দুর রব এর নেতৃত্বে র্যালীটি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে পুনরায় পরিষদ চত্বরে এসে শেষ।

এ সময় উপজেলার সকল কর্মকর্তা, এনজিও কর্মিরা অংশ নেয়।

পরে উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লার সভাপতিত্বে উপজেলা পরিষদ মিলনয়াতনে জাতীয় প্রতিবন্ধী দিবসের আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা তথ্য সেবা কর্মকর্তা তানিয়া খন্দকার এর উপস্থাপনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা কৃষি অফিসার আনিসুজ্জামান খান, মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন ।

অনুষ্ঠান শুরুতেই প্রতিবন্ধী দিবসের সকল বিষয় নিয়ে স্বাগত

বক্তব্য রাখেন উপজেলা সমাজসেবা অফিসার আব্দুর রব।

- মুজিবনগর অফিস
অনুষ্ঠান শেষে উপজেলা সমাজসেবা অধিদপ্তরের আয়োজনে প্রতিবন্ধী ভাতার বই, প্রতিবন্ধীদের সূবর্ণ নাগরিক পরিচয় পত্র বিতরণ এবং সু- শান্তা স্বেচ্ছাসেবী সংস্থার আয়োজনে ৩০ জন প্রতিবন্ধীদের মাঝে ব্যাগসহ শিক্ষা উপকরন বিতরন করা হয়।

গোলাম রহমানের ৮ম মৃত্যুবার্ষিকী

আজ ৫ ডিসেম্বর মেহেরপুরের ব্যাবসায়ী ও সমাজ সেবক গোলাম রহমানের ৮ম মৃত্যুবার্ষিকী

তিনি দীর্ঘদিন মেহেরপুর পৌরসভা ৮ নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি এবং হোটেল বাজার ব্যাবসায়ী সমিতির সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেছেন।

২০১১ সালের এই দিনে মস্তিষ্কে রক্তক্ষরণ জনিত কারনে ঢাকা স্কয়ার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃতবরন করেন ।

মরহুম গোলাম রহমানের আত্মার মাগফেরাত কামনায় পরিবার সকলের নিকট দোয়া প্রার্থনা করেছেন ।

- নিজস্ব প্রতিনিধি

দর্শনায় কাচা বাজারে আগুন

শীত মৌসুম হওয়ায় দর্শনা বাজারে দেখা মিলছে বিভিন্ন ধরনের কাঁচা

তরকারি। কিন্তু শীত মৌসুমি কাচা তরকারির দাম আকাশ ছোয়া, এই দাম বৃদ্ধিতে বিপাকে পড়েছেন মধ্যবিত্ত পরিবারের মানুষ গুলো।

প্রায় সকলের প্রতিদিনের খাবারের তালিকায় থাকে আলু কিন্তু বাজারে শীতের নতুন আলু বিক্রি হচ্ছে প্রতি কেজি ৫০ থেকে ৬০ টাকা, পুরাতন আলু ২৫-৩০ টাকা, বেগুন ৩০-৩৫ টাকা, নতুন শিম ৩০-৩৫ টাকা, টমেটো ৫০-৬০ টাকা,

পাতাকপি ৩০-৪০ টাকা, ফুলকপি ২৫-৩০ টাকা, কাঁচামরিচ ২০-৩০ টাকা, কাচকলা ২৫-৩০ টাকা, পেঁপে ১৫-২০ টাকা, শশা ৫০-৫৫ টাকা, রসুন ১৮০-২০০ টাকা, এছাড়াও সকল সবজির দামও বেশি।

তবে পেঁয়াজ নিয়ে নানা জল্পনা কল্পনা থাকলেও কমছে না পেঁয়াজের ঝাঁজ, দেশী পেঁয়াজ বিক্রি হচ্ছে ২২০-২৪০ টাকা, ইন্ডিয়ান পেঁয়াজ ২০০ টাকা।

পেঁয়াজের সাথে পাল্লা দিয়ে দাম বেড়েছে ভোজ্য তেলের, বোতল জাত তেলের দাম লিটারে বেড়েছে ৮-১০ টাকা, খোলা তেল বিক্রি হচ্ছে ৮৫-৯০ টাকা। লবনের দাম ঠিক থাকলেও সকল মসলার দাম বৃদ্ধি পেয়েছে। চালের দাম বেড়েছে কেজি প্রতি ৪-৫ টাকা।

এই মূল্য বৃদ্ধির কারণে নিম্ন আয়ের মানুষ হিমশিম খাচ্ছে দৈনন্দিন জীবন যাপন পার করতে।

- দর্শনাা প্রতিনিধি

খেজুর গুড় বিক্রয় করে সংসার চলে মকলেচুরের

মেহেরপুর জেলার গাংনী উপজেলার জুগিন্দা গ্রামের মৃত সামছুদ্দীন শেখের ছেলে মকলেচুর রহমান তার নিজ জমিতে ৫০টি খেজুরের গাছ আছে।

প্রতি বছর নভেম্বর মাসে থেকে মার্চ মাস পর্যন্ত গাছ থেকে রস সংগ্রহ করে হয়।
প্রতিদিন যে রস সংগ্রহ হয় তা থেকে ৮-১০ কেজি গুড় হয়। প্রতি কেজি গুড়ের বিক্রয় করে থাকেন ১৪০টাকা কেজি দরে।

মকলেচুর রহমান জানান, মেহেরপুর জেলার বিভিন্ন গ্রাম থেকে লোকজন আমার কাছে থেকে গুড় ক্রয় করিবার জন্য আসে। কারন আমার তৈরী গুড়ে কোন প্রকার ভেজাল নেই।

গতকাল কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলার তারিক নামের এক ব্যক্তি গুড় ক্রয় করিতে আসেন। তিনি

‘মেহেরপুর প্রতিদিনকে’ জানান, আমি গত ২ বছর যাবৎ মকলেচুর ভাই এর কাছে থেকে খেজুরের গুড় ক্রয় করে থাকি তার গুড়ে কোন প্রকার ভেজাল নেই।

৮নংধানখোলা ইউপি চেয়ারম্যান আখেরুজ্জামান বলেন, আমি নিজে প্রতি বছর ১৫ থেকে ২০ কেজি খেজুরের গুড় মকলেচুর কাছে থেকে ক্রয় করে থাকি তার গুড়ে কোন ধরনে ভেজাল পাওয়া যায় না। কারন সে নিজে হাতে গুড় তৈরী করে থাকে।

৮নং ধানখোলা ইউপি ৮নং ওয়ার্ডে মেব্বার জাফর আলী জানান, নিজে খাওয়া জন্য নিয়ে থাকি বিভিন্ন মেহমানদের মকলেচুর হুজুরের কাছে থেকে খেজুর গুড় নিয়ে দিয়ে থাকি তার তৈরী গুড়ে কোন ভেজাল নেই।

গাংনী উপজেলা কৃষি অফিসার কেএম শাহাবুদ্দীন জানান, খেজুরের গাছ বিলুস্ত প্রায় তাই বর্তমানে নিপা ভাইরাস কারনে লোকজনের রস খাওয়া কোন সুযোগ নেই। তাই খেজুরের গুড় খাওয়া শ্রেয়।

- আল আমিন, গাংনী

৫শ’৩০ বোতল ফেন্সিডিল সহ মাদক

ব্যবসায়ী গ্রেফতার

মেহেরপুরের গাংনী উপজেলার চোখতোলা এলাকা থেকে ৫শ’ ৩০ বোতল ফেন্সিডিল সহ এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে গাংনী থানা পুলিশ।

গ্রেফতার মাদক ব্যবসায়ী হলো বরগুনার আমতলি উপজেলার পশ্চিম শারিখ খালি গ্রামের আঃ রহিমের ছেলে ইমরান হোসেন (২৪)।

গোপন সংবাদের ভিত্তিতে।মেহেরপুর কুষ্টিয়া সড়কের চোখতলা নামক স্থানে একজন মাদক পাচার করার উদ্দেশ্যে অপেক্ষা করছে এমন সংবাদের ভিত্তিতে এস আই হাবিব, এ এস আই রফিকুল ইসলাম ও এ এস আই আহসান হাবিব সঙ্গীয় ফোর্স নিয়ে তাকে গ্রেফতার করে।
গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান, গ্রেফতারকৃত মাদক ব্যবসায়ীকে মাদক মামলায় মেহেরপুর কোর্ট হাজতে প্রেরণ করা হবে৷

মুজিবনগরে ভ্রাম্যমাণ আদালতে গাঁজা সেবনকারীর তিন মাসের কারাদন্ড

মেহেরপুরের মুজিবনগরে গাঁজা খাওয়ার অপরাধে রাকিবুল ইসলাম(২০)নামের এক গাঁজা সেবনকারীকে তিন মাসের বিনাশ্রম কারাদন্ড দিয়েছে ভ্রাম্যমাণ আদালত।বুধবার দুপুর দুইটার দিকে মুজিবনগর হেলিপ্যাট গেট থেকে তাকে এ সাজা দেওয়া হয়।

সাথে ৫০০ টাকা অর্থদণ্ড প্রদান করা হয়।
ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন মুজিবনগর উপজেলা নির্বাহি অফিসার উসমান গনি।

রাকিবুল ইসলাম মুজিবনগর উপজেলার ভবরপাড়া গ্রামের মিন্টুর ছেলে।

উপজেলা নির্বাহী অফিসার উসমান গণি জানান, রাকিবুল ইসলাম গাঁজা

খাওয়ার জন্য মুজিবনগর হেলিপ্যাড রোডে অবস্থান করছে এমন গোপন সংবাদের ভিত্তিতে সেখানে অভিযান চালিয়ে তার কাছ থেকে ২০ গ্রাম গাঁজা পাওয়া যায়।

পরে তাকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ মোবাইল কোর্ট আইন ২০০৯ এর বিধান মোতাবেক ৩ মাসের কারাদণ্ড দেওয়া হয়, সাথে ৫০০ টাকা অর্থদণ্ড প্রদান করা হয়।

- মুজিবনগর প্রতিনিধি